২৯/৮/২০০১

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক [illegible]

## ফলাফল প্রকাশের বিশ্ব রেকর্ড

রাঃ বিঃ রিপোর্টার ঃ পরীক্ষা শেষ হবার সুদীর্ঘ ১০ বছর পর ফলাফল প্রকাশের এক বিশ্ব রেকর্ড সৃষ্টি করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়। বিষয়টি ক্যাম্পাসে ব্যাপক তোলপাড় সৃষ্টি করেছে। টক অব দ্যা ক্যাম্পাসে পরিণত হয়েছে এটি।

কুষ্টিয়া জেলার দৌলতপুর থানাধীন খাস মথুরামপুর পিপলস কলেজ থেকে ১৯৯২ সালের ডিগ্রী (পাস) বিএ পরীক্ষায় অংশ

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## বিশ্ব রেকর্ড

প্রথম পৃষ্ঠার পর

নিয়েছিল ১২ জন ছাত্রছাত্রী। সম্পূর্ণ অজ্ঞাত কারণে এই ১২ জন হতভাগ্য পরীক্ষার্থীর ফলাফল অপ্রকাশিত রাখা হয়। গত বছর ডিসেম্বর মাসে এ সংক্রান্ত একটি রিপোর্ট দৈনিক ইনকিলাবে প্রকাশিত হবার পর কর্তৃপক্ষের তদন্তের প্রেক্ষিতে কয়েকদিন আগে তাদের ফলাফল প্রকাশিত হয়।

জানা গেছে, এই ১২ জন পরীক্ষার্থীর মধ্যে ২ জন দ্বিতীয় শ্রেণীতে ও ৯ জন তৃতীয় শ্রেণীতে পাস করেছে। ফলাফল প্রকাশের পর পরীক্ষার্থীরা কান্নায় ভেঙ্গে পড়েন। তারা বলেন, সম্পূর্ণ অন্যায়ভাবে ফলাফল অপ্রকাশিত রেখে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের জীবন থেকে ১০টি বছর কেড়ে নিয়েছে। স্বাভাবিক পরিবেশে ফলাফল প্রকাশের এই দীর্ঘসূত্রতাকে অনেকেই বিশ্ব রেকর্ড হিসেবে অভিহিত করেছেন।

উক্ত পরীক্ষার্থীদের অভিযোগ, তৎকালীন উপ-পরীক্ষা নিয়ন্ত্রক প্রত্যেক পরীক্ষার্থীর কাছ থেকে ১০ হাজার করে টাকা দাবী